দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 11 JUN 1998 ...
পৃষ্ঠা [illegible] কলাম [illegible]

'বৃত্তি পরীক্ষার ফল ছিনতাই'

# প্রধানমন্ত্রী তদন্তের নির্দেশ দিয়েছেন

**স্টাফ রিপোর্টার, কক্সবাজার ঃ** দৈনিক জনকণ্ঠে গত ২৫ মে 'বৃত্তি পরীক্ষার ফল ছিনতাই' শীর্ষক খবর প্রকাশিত হওয়ার পর প্রধানমন্ত্রী ঐ দিনই প্রাথমিক শিক্ষা সচিব, মহাপরিচালক এবং কক্সবাজারের জেলা প্রশাসককে এ ব্যাপারে তদন্তের নির্দেশ দিয়েছেন।

স্থানীয় সরকারী সূত্রে জানা গেছে, গত জানুয়ারিতে অনুষ্ঠিত প্রাথমিক বৃত্তি পরীক্ষার ফলাফল প্রকাশিত হয় গত ৬ এপ্রিল।

ঘোষিত ফলাফলে প্রাথমিক শিক্ষার চট্টগ্রামস্থ উপপরিচালকের আওতাধীন নয়টি জেলায় ত্রুটি প্রকাশ পায়। ফলে এসব জেলায় চরম অসন্তোষ দেখা দেয়। সবচেয়ে বড়গণ্ডগোল ধরা পড়ে কক্সবাজার জেলার ফলে। এই জেলার ৭টি থানার প্রাথমিক বৃত্তির কোটা হচ্ছে ১৩৮ জন। গত ৬ এপ্রিল একটি থানা (চকরিয়া) বাদ দিয়ে ১৩৮ জনের কোটাভিত্তিক ফল প্রকাশ করা হয় ৬টি থানায়। পরে ভুল ধরা পড়ায় গত ২৮ এপ্রিল প্রাথমিক শিক্ষার চট্টগ্রাম কর্তৃপক্ষ তড়িঘড়ি করে এক সংশোধনী ফল ঘোষণা করে। এতে পূর্বে বৃত্তিপ্রাপ্ত ৫২ জন ছাত্রছাত্রীকে অকৃতকার্য ঘোষণা করা হয়। বৃত্তি হারিয়ে ছাত্রছাত্রীরা কান্নায় ভেঙে পড়ে। এ অবস্থায় তারা জনকণ্ঠের মাধ্যমে প্রধানমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে।